# উপজেলা সমাজকল্যাণ কমিটি, সরিষাবাড়ীর সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আবুল কালাম আজাদ
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

স্থান : ভাইস-চেয়ারম্যানের অফিস কক্ষ, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
তারিখ : ০৬/০৭/২০২৩ খ্রি.
সময় : সকাল ১০:৩০ ঘটিকা

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সদস্য সচিবকে সভার আলোচ্য সূচি মোতাবেক আলোচনা করার অনুরোধ জানান। উপজেলা সমাজসেবা অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনালে তা বিনা সংশোধনীতে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | বিভিন্ন ভাতা সংক্রান্ত আলোচনা। | সদস্য সচিব সভায় জানান যে, সরিষাবাড়ী উপজেলায় উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত ভাতা সমূহ নিম্নরূপঃ<br>ভাতার নাম — ভাতাভোগীর সংখ্যা<br>বয়স্ক ভাতা — ১৮৭৩০ জন<br>বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা — ৮২৫৩ জন<br>প্রতিবন্ধী ভাতা — ৪৭১২ জন<br>অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ভাতা — ১০৯ জন<br>বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচি অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা বিশেষ শিক্ষা উপবৃত্তির উপকারভোগীর লাইভ ভেরিফিকেশন ও নীতিমালার আলোকে প্রতিস্থাপনের জন্য সমাজসেবা অধিদফতরের স্মারক নং ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০.৫৩৮ তারিখঃ ২৬ জুন ২০২৩খ্রি. পত্রের মাধ্যমে সমাজসেবা অধিদফতর থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া ২২.০৬.২০২৩ খ্রি. তারিখে উপজেলা পরিষদ, সরিষাবাড়ীর মাসিক সভায় সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি সার্বিক সহযোগিতায় উপকারভোগীর লাইভ ভেরিফিকেশন সমপন্ন করার এবং নীতিমালার আলোকে উপকারভোগী প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি ও পৌরসভার বরাবর উপকারভোগীর তালিকা প্রেরণ করা হয়েছে। মৃত, নিখোঁজ, বিধবাভাতাভোগী কিন্তু বর্তমানে স্বামী আছে, অন্যান্যদের নীতিমালা অনুযায়ী তাদের প্রতিস্থাপন করতে হবে। | উপকারভোগীর লাইভ ভেরিফিকেশন ও নীতিমালার আলোকে প্রতিস্থাপনের জন্য সংশ্লিষ্ট কমিটি সমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর। |
| ০২. | অন্যান্য কাযক্রম | সদস্য সচিব সভায় জানান যে, প্রতিবন্ধী ব্যক্তির শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিড দগ্ধপ্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, | প্রতিবন্ধী ব্যক্তির শনাক্তকরণ জরিপ কার্যক্রমসহ অন্যান্য কাযক্রম | উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্ট্রোকেপ্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভারসিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত নির্ধারিত ফরমে আবেদনের হার্ডকপি প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে। | যথা নিয়মে সম্পন্ন করতে হবে। | জামালপুর। |
| ০৩. | উপজেলা সমাজসেবা কার্যালয়ের দুটি অফিস ভবন মেরামত সংক্রান্ত | উপজেলা সমাজসেবা কার্যালয়ের দুটি অফিস ভবন মেরামতের জন্য সমাজসেবা অধিদপ্তর হতে মোট ৯,৯৬,০৯১/- বরাদ্দ পাওয়া গেছে। মাটি ভরাটের ও ওয়াশরুম/টয়লেট এর জন্য বরাদ্দ নেই। এমতাবস্থায়, গত সভায় সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সরিষাবাড়ীকে ভবন দুটির প্রাক্কলন প্রস্তুত করার জন্য নির্দেশনা প্রদান করেন। এলজিইডি, সরিষাবাড়ী ভবন দুটি পরিমাপ করেছেন। এমতাবস্থায় দ্রূত কাজ শুরু করার জন্য উপজেলা পরিষদের আর্থিক সহয়তা অনুরোধ করা হলো। | প্রাক্কলন অনুযায়ী অফিস ভবন দুটি মেরামতে সহয়তা করার জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম আজাদ
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং: ৪১.০১.৩৯৮৫.০০০.১৬.০১০.১৯- ৯৬(ক) তারিখঃ ০৬/০৭/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

০১। জনাব আলহাজ্ব ডাঃ মোঃ মুরাদ হাসান, মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৪১, (জামালপুর-০৪)।
০২। জেলা প্রশাসক, জামালপুর।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জামালপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০৬। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৭। চেয়ারম্যান, ............................ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৮। জনাব ..........................................................................................
০৯। অফিস কপি।

০৬/০৭/২৩

মোঃ আরিফুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্যসচিব
উপজেলা সমাজকল্যাণ কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

**উপজেলা সমাজকল্যাণ কমিটি, সরিষাবাড়ীর জুলাই/২০২৩ খ্রিঃ মাসের উপস্থিতির স্বাক্ষর শীটঃ**

তারিখঃ ০৬/০৭/২০২৩ খ্রিঃ

| ক্র. নং | নাম /পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | ০১৭১৮-৪৮-৬৬৮৮ | |
| ০২. | চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | |
| ০৩. | চেয়ারম্যান, পিংনা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | |
| ০৪. | চেয়ারম্যান, কামরাবাদ ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | |
| ০৫. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা , সরিষাবাড়ী | 01679540168 | 06/07/23 |